

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫০৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৯. কংকর দ্বারা তাসবীহ পাঠ করা প্রসঙ্গে

باب التَّسْبِيحِ بِالْحَصَى

আরবী

حَدَّثَنَا دَاوُدُ بْنُ أُمَيَّة، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَة، عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، مَوْلَى أَبِي طَلْحَةَ عَنْ كُرَيْبٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ : خَرَجَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم مِنْ عِنْدِ جُويْرِيَة وَكَانَ اسْمُهَا بَرَّةَ فَحَوَّلَ اسْمَهَا فَخَرَجَ وَهِيَ فِي مُصلَلَاهَا وَرَجَعَ وَهِيَ فِي عِنْدِ جُويْرِيَة وَكَانَ اسْمُهَا بَرَّة فَحَوَّلَ اسْمَهَا فَخَرَجَ وَهِيَ فِي مُصلَلَاهَا وَرَجَعَ وَهِيَ فِي مُصلَلَاهَا وَرَجَعَ وَهِيَ فِي مُصلَلَاهَا فَقَالَ " لَمْ تَزَالِي فِي مُصلَلَاكِ هَذَا " . قَالَت نَعَمْ . قَالَ " قَدْ قُلْتُ بَعْدَكِ أَرْبَعَ مُصلَلاها وَيِحَمْدِهِ عَدَدَ خَلْقِهِ وَرِضا كَلِمَاتٍ ثَلَاثَ مَرَّاتٍ لَوْ وُزِنَتْ بِمَا قُلْتِ لَوَزَنَتْهُنَّ سُبْحَانَ اللهِ وَيِحَمْدِهِ عَدَدَ خَلْقِهِ وَرِضا نَفْسِهِ وَزِنَة عَرْشِهِ وَمِدَادَ كَلِمَاتِهِ "

ـ صحيح: م

বাংলা

১৫০৩। ইবনু 'আব্বাস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম জুওয়াইরিয়াহ (রাঃ) এর কাছ থেকে বেরিয়ে এলেন। ইতিপূর্বে তার নাম ছিলো বাররাহ, নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তার এ নাম পরিবর্তন করেন। তিনি তার কাছ থেকে বেরিয়ে আসার সময়ও মুসাল্লায় বসে তাসবীহ পাঠ করতে দেখেন এবং ফিরে এসেও তাকে ঐ মুসাল্লায় বসে থাকতে দেখেন। তিনি জিজ্ঞেস করলেন, তুমি কি তখন থেকে একটানা এ মুসাল্লায় বসে রয়েছাে? তিনি বললেন, হাঁ। তিনি বললেন, তোমার কাছ থেকে যাওয়ার পর আমি তিনবার চারটি কালেমা পড়েছি; এ দীর্ঘ সময় পর্যন্ত তুমি যা কিছু পাঠ করেছাে, উভয়টি ওজন হলে আমার ঐ চারটি কালেমা ওজনে ভারী হবে। তা হচ্ছেঃ "সুবহানাল্লাহি ওয়া বিহামদিহি 'আদাদা খালকিহি, ওয়া রিদা নাফসিহি, ওয়া যিনাতা 'আরশিহি, ওয়া মিদাদা কালিমাতিহি।"[1]

সহীহ: মুসলিম।



English

Narrated Abdullah Ibn Abbas:

The Messenger of Allah () went out from Juwayriyyah (wife of the Prophet). Earlier her name was Barrah, and he changed it. When he went out she was in her place of worship, and when he returned she was in her place of worship.

He asked: Have you been in your place of worship continuously? She said: Yes. He then said: Since leaving you I have said three times four phrases which, if weighed against all that you have said (during this period), would prove to be heavier: "glory be to Allah", and I begin with praise of Him to the number of His creatures, in accordance with His good pleasure, to the weight of His throne and to the ink (extent) of His words.

ফুটনোট

[1]মুসলিম (অধ্যায় : দু'আ ও যিকর, অনুঃ দিনের প্রথম প্রহরে তাসবীহ পাঠ), তিরমিয়ী (অধ্যায় : দা'ওয়াত, হাঃ ৩৫৫৫, ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসটি হাসান সহীহ), নাসায়ী (অধ্যায়: সাহু, হাঃ ১৩৫১), ইবনু মাজাহ (অধ্যায় : আদাব, অনুঃ তাসবীহ পাঠের ফায়ীলাত, হাঃ ৩৮০৮)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন